দৈনিক ইত্তেফাক

৬

তারিখ ... SEP. 23 1999 ...
পৃষ্ঠা ৮ কলাম ৩ ......

# গণমুখী ও বিজ্ঞানসম্মত শিক্ষানীতি প্রণয়ন করার আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ মহান শিক্ষা দিবস উপলক্ষে গত ১৭ই সেপ্টেম্বর চট্টগ্রামের বিভিন্ন ছাত্র সংগঠন আয়োজিত আলোচনা সভায় বক্তারা দেশে বিজ্ঞান ও উৎপাদন মুখী শিক্ষানীতি প্রবর্তনের মাধ্যমে আগামী শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় জাতিকে গড়িয়া তোলার আহ্বান জানান। চট্টগ্রাম মহানগর ছাত্র লীগের আলোচনা সভায় বক্তারা বলেন, যে কোন দেশের শিক্ষানীতি সে দেশের সামগ্রিক শিক্ষা ব্যবস্থার দর্পন। বিগত সরকারসমূহ বাস্তবসম্মত গণমুখী বিজ্ঞান মনস্ক শিক্ষানীতি জাতিকে উপহার দিতে ব্যর্থ হইয়াছে। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর ছাত্র সমাজের দীর্ঘদিনের দাবী গণমুখী শিক্ষানীতি প্রণয়নের কাজ শুরু করিয়াছেন। ছাত্রলীগ নেতা রফিউল হায়দার রফির সভাপতিত্বে সংগঠন কার্যালয়ে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আমিরুল ইসলাম, শহীদুল আলম মিন্টু, কাজী আনোয়ার হাফিজ, বিপু ধর, কাঞ্চন বিশ্বাস, চন্দন তালুকদার, দিদারুল আলম, অহিদ সিরাজ, ইফতেখার উদ্দিন প্রমুখ। বাংলাদেশ ছাত্রলীগ চট্টগ্রাম উত্তর জেলা শাখার এক আলোচনা সভা জসিম উদ্দিন শাহ'র সভাপতিত্বে দোস্ত বিল্ডিংস্থ কার্যালয়ে অনুষ্ঠিত হয়। অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন, দেলোয়ার হোসেন, বেদারুল আলম চৌধুরী, এস এম আবুল হোসেন, আশেক এলাহী সোহেল, সৈয়দ মঞ্জুরুল আলম, মোরশেদুল আলম, রেজাউল মান্নান, ইউসুফ গনি চৌধুরী প্রমুখ।

শিক্ষা দিবস উপলক্ষে জাতীয়তাবাদী ছাত্রদল চট্টগ্রাম মহানগরী শাখার সভায় বক্তারা বলেন, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর শিক্ষাঙ্গণে সন্ত্রাস সৃষ্টির মাধ্যমে দেশের শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে রণক্ষেত্রে পরিণত করা হইয়াছে, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে এক অস্থির পরিবেশ বিরাজমান। যাহাকে শিক্ষার জন্য কোনক্রমেই অনুকূল হিসাবে মনে করা যায় না। বিশ্ববিদ্যালয় সমূহে সেসনজট মহামারী আকারে দেখা দিয়াছে। হাজার হাজার ছাত্র-ছাত্রীর ভবিষ্যত অনিশ্চিত হইয়া পড়িতেছে ক্রমশঃ। সরকার এই ভয়াবহ সমস্যার সমাধানের কোন ব্যবস্থা গ্রহণ না করিয়া ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার নামে ভারত গমনে বাধ্য করার মাধ্যমে মেধা পাচারের ঘৃণ্য ষড়যন্ত্রে লিপ্ত রহিয়াছে। এহেন অবস্থার প্রেক্ষিতে গণমুখী বাস্তবসম্মত ও বিজ্ঞানভিত্তিক শিক্ষানীতির পরিবর্তে যদি দলীয় স্বার্থরক্ষায় কোন শিক্ষানীতি প্রণীত হয় তবে ছাত্রদল কর্মীরা তাহা যে কোন মূল্যে প্রতিহত করিবে। নগর ছাত্রদলের সভাপতি নাজিমুর রহমান সভাপতিত্ব করেন।

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট চট্টগ্রাম নগর শাখার এক আলোচনা সভায় বক্তারা বলেন, ৬২ সালে তৎকালীন গণবিরোধী শিক্ষানীতির বিরুদ্ধে আন্দোলন করিতে গিয়া যে সকল ছাত্র আত্মাহুতি দিয়াছিল তাহাদের স্বপ্ন আজও সফল হয় নাই। আজও ছাত্রসমাজকে বিজ্ঞানভিত্তিক ও গণতান্ত্রিক শিক্ষানীতির দাবীতে রাস্তায় নামিতে হয়। শিক্ষানীতির ব্যাপারে স্বার্থান্বেষী মহলের কোন দূরভিসন্ধি বরদাস্ত করা হইবে না বলিয়া ছাত্রফ্রন্ট নেতৃবৃন্দ হুঁশিয়ারি উচ্চারণ করেন। বাংলাদেশ ছাত্রমৈত্রীর হালিশহর শাখার উদ্যোগে বদরুন্নেছা সুরভীর সভানেত্রীত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় দলের নেতা-কর্মীরা অংশ নেন।